সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই ফাল্গুন বুধবার, ১৩৭২ ইং 23rd Feb. 1966 | ৩৯শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
ত্রুটিহীন কারিগরী দক্ষতা ও নিপুণতা আমাদের।
প্রস্তুতকারক :
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
শিবদুর্গা বস্ত্রালয়
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস্ ফেক্টরী
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১১ই ফাল্গুন বুধবার সন ১৩৭২ সাল।

## চাল ও ধান সম্পর্কে
# নতুন আদেশ

—০—

রাজ্য সরকার ভারতরক্ষা বিধিবলে পশ্চিমবঙ্গ চাল ও ধান নিয়ন্ত্রণাদেশ (১৯৬৬) নামে একটি নতুন আদেশ জারি করেছেন। নতুন এই আদেশটির প্রধান বৈশিষ্ট্যগুলির মধ্যে আছে— (১) খুদ, চিড়া, মুড়ি চালের সংজ্ঞার মধ্যে পড়বে। (২) কোন ব্যক্তি বা ব্যবসায়ী এক সঙ্গে একবারে ১০ কিলোগ্রামের বেশী ধান-চাল বিক্রী করতে পারবেন না অথবা এক সঙ্গে একবারে এক কুইন্টালের বেশী ধান অথবা চাল বিক্রয়ার্থ মজুত রাখতে পারবেন না। এই শ্রেণীর ধান-চাল ব্যবসায়ীদের লাইসেন্সিং কর্ত্তৃপক্ষের নিকট থেকে রেজিষ্ট্রেশন সার্টিফিকেট নিতে হবে এবং কর্ত্তৃপক্ষের কাছে মাসিক রিটার্ণ দাখিল করতে হবে।

---

## বিগ্রহ চুরি

বিগত ৩১শে জানুয়ারী রাত্রে লালগোলা রাজবাড়ীর নারায়ণ মন্দির থেকে শালগ্রাম শীলা ও রৌপ্যনির্ম্মিত চতুর্ভুজ নারায়ণ মূর্ত্তি (আনুমানিক ওজন সওয়া মণ) এবং জগন্নাথ দেবের সিংহাসন সমেত সোনার ছাতা, বাসন ইত্যাদিতে সোনা প্রায় পাঁচ ভরি, রূপো আনুমানিক আধ মণ চুরি হয়ে গিয়েছে। সংবাদে প্রকাশ, কোলাপসিবল গেটের তালা ভেঙ্গে নাকি এই চুরি হয়েছে।

---

# গঙ্গা

প্রাচীন কবি রায় গুণাকর ভারতচন্দ্র লিখিত গঙ্গার স্তব ও গঙ্গার বর্ণনা :—

## গঙ্গার স্তব

জয় জয় গঙ্গে জয় গঙ্গে।
হরি পদকমল কমল কলরঙ্গে॥
টল টল চল চল চল চল ছল ছল
কল কল তরল তরঙ্গে॥
পুটকিত শিরজট বিঘটিত সুবিকট
লট পট কমঠ ভুজঙ্গে॥
তরুণ অরুণ বর কিরণ বরণ কর
বিধি কর নিকরকরঙ্গে॥
ভুবন ভবন লয় ভজন ভবিকময়
ভারত ভবভয় ভঙ্গে॥

## গঙ্গার বর্ণনা

দাসু বাসু কর অবধান।
যেই দেব নিরঞ্জন চিৎস্বরূপী জনার্দ্দন
এই গঙ্গা সেই ভগবান॥
মহাদেব এককালে পঞ্চমুখে পঞ্চতালে
গীতে তুষ্ট কৈলা ভগবানে।
নারায়ণ দ্রব হৈলা বিধি কমণ্ডলে লৈলা
বেদব্যাস বলিলা পুরাণে॥
তার কতদিন পরে বলি ছলিবার তরে
নারায়ণ বামন হইলা।
ত্রিপাদ ধরণী লয়ে ত্রিবিক্রম রূপ হয়ে
এক পদে স্বর্গ আচ্ছাদিলা॥
বিধি সেই পদতলে পাদ্য দিলা সেই জলে
শিব দিলা জটাজুটে ধাম।
বিমল চপল ভঙ্গা সেই জল এই গঙ্গা
এই হেতু বিষ্ণুপদী নাম॥
ত্রিলোকে ত্রিলোক তারা তিন হৈলা তিন ধারা
স্বর্গ মর্ত্ত পাতাল বিশ্রাম।
স্বর্গে মন্দাকিনী মন্দা ভূতলে অলকানন্দা
পাতালেতে ভোগবতী নাম॥
ইনি সে অলকানন্দা নরলোকে মহানন্দা
ইহারে আনিল ভগীরথ।
সগর সন্তান যত ব্রহ্মশাপে ছিল হত
এই গঙ্গা দিলা মুক্তি পথ।
শিবজটা মুক্ত হয়ে ভাগীরথী নাম লয়ে
এথা আসি ত্রিবেণী হইলা।
সরস্বতী যমুনারে মিলাইয়া দুই ধারে
মধ্যভাগে আপনি রহিলা॥
ভগীরথে লয়ে সঙ্গে বারাণসী দেখি রঙ্গে
যান গঙ্গা দক্ষিণের বাটে।
জহ্নুমুনি পিয়াছিল কানে উগারিয়া দিল
জাহ্নবী হইলা জহ্নুঘাটে॥
রাজা ভগীরথ রায় আগে আগে নাচি যায়
সাধু সাধু কহে দেবগণ।
পূর্ব্বে গেলা পদ্মা হয়ে ভাগীরথী নাম লয়ে
মোর দেশে দিলা দরশন॥
গিরিয়া মোহানা দিয়া অগ্রদ্বীপ নিরখিয়া
নবদ্বীপে পশ্চিম বাহিনী।
পুনশ্চ ত্রিবেণী হৈলা দক্ষিণ প্রয়াগ কৈলা
ত্রিবেণীতে ত্রিলোকতারিণী॥
শতমুখী রূপ ধরি সাগর সঙ্গম করি
মুক্ত কৈলা সাগর সন্তানে।
দেব যার বিজ্ঞ নহে কে তার মহিমা কহে
ভারত কি কবে কিবা জানে॥

---

## জঙ্গিপুর ফৌজদারী আদালত বার-এসোসিয়েসনের প্রবীণতম আইনজ্ঞ
# সম্বর্দ্ধনা

গত ১৬ই ফেব্রুয়ারী বুধবার বেলা ২ ঘটিকায় জঙ্গিপুর ফৌজদারী আদালতের আইনজীবিগণ বার-লাইব্রেরীর প্রবীণতম আইনজীবী শ্রীনবদ্বীপচন্দ্র দাস মহাশয়কে সম্বর্দ্ধিত করেন। উক্ত অনুষ্ঠানে জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীপার্থসারথি চৌধুরী ও প্রথম মুন্সেফ শ্রীঅমর সাহা মহাশয়দ্বয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় বিভিন্ন বক্তা তাঁহাদের বক্তৃতায় নবদ্বীপ বাবুর সদ্গুণাবলী বর্ণনা করেন। তাঁহাকে স্থানীয় উকিল বারের সদস্যগণ একখানি গীতা সহ মানপত্র প্রদান করেন। ফৌজদারী আদালতের আইনজীবিগণ তাঁহাকে ধুতি, কোট, যষ্টি ও মানপত্র প্রদান করেন। সভায় বহু নিমন্ত্রিত ভদ্রমহোদয় সমবেত হইয়াছিলেন।

## বিজ্ঞাপন

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

২৭০/৬৫ অঃ

বাদী—সুজিতকুমার রায় দিং বঃ

বিবাদী—আবু বাক্কার মোল্লা দিং

এতদ্দ্বারা ৩। সামসুদ্দিন বিশ্বাস ৪। গিয়াসুদ্দিন বিশ্বাস ৫। তামিজুদ্দিন বিশ্বাস ৬। কায়েম উদ্দিন বিশ্বাস পিতা হাজি কুদ্দ,স বিশ্বাস ৭। আবদুল গোফুর মণ্ডল ৮। মেহের আলী মণ্ডল ৯। আইসুদ্দিন মণ্ডল ১০। কাইজুদ্দিন মণ্ডল ১১। আলতাব হোসেন পিতা ইউসুফ মণ্ডল ১২। লোকমান মণ্ডল ১৩। সাহজাহান সেখ ১৪। সাইদুল সেখ পিতা আবদুল বাসেদ ১৫। সালেমা খাতুন স্বামী নুর মহম্মদ ১৬। মনিজা খাতুন স্বামী আবদুল বাসেদ সাং চর বাগডাঙ্গা থানা নবাবগঞ্জ জেলা রাজসাহী পূর্ব্ব পাকিস্তান আপনাদিগকে ও সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যায় যে অত্রাদালতের এলাকা থানা রঘুনাথগঞ্জের অধীন মৌজা লাড্ডুখাকি মধ্যে C. S. খং ৫৩০ অধীনস্থ খং ৫৩১নং ১৫দ৩া০ কাঠা জমি উপযুক্ত নজরানা গ্রহণে জমিদারের নিকট বন্দোবস্ত লইয়া বাদী পক্ষ তাহা দখল ভোগ করিয়া আসিতেছেন। উক্ত সম্পত্তি আরজির বর্ণিত মত স্বত্ব থাকা সাব্যস্তে বর্ত্তমান রিভিসানাল সেটেলমেন্টের ৯২৫নং খতিয়ানের ও ৫৫৫নং খতিয়ানের স্বত্বলিপি ভ্রমাত্মক ভিত্তিহীন ও তাহা বাদীগণের উপর আদৌ কার্য্যকর না হওয়া গণ্যে বিবাদীগণ যাহাতে কস্মিনকালেও বাদীগণকে সেখান হইতে জোর পূর্ব্বক বেদখল করিতে না পারে বা সেখানে কোন দখলের কার্য্য করিতে না পারে তদ্দাবদ বাদীগণ উপরোক্ত নং যে নালিশ করিয়াছেন তাহাতে আপনাদের বা সর্ব্বসাধারণের কোন জবাব থাকিলে ১০-৩-৬৬ তারিখে আদালতে দর্শাইবেন।

By Order of the Court
B. B. Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.

---

## = কৃষি সংবাদ =

### —ঃ তিলের চাষ ঃ—

ধান কাটা হয়ে গেছে। এবার সেই জমিতে তিলের চাষ করুন।

★ জমিতে রস থাকলে ফাল্গুন মাস পর্যন্ত জমি চষে বিঘা পিছু দুই কে. জি. তিলের বীজ ছড়ান।

★ জমিতে বিঘা পিছু তিন গাড়ী হিসাবে গোবর সার বা পচাই সার দিন।

★ সম্ভব হ'লে জমিতে একবার সেচ দিন।

★ আড়াই থেকে তিন মাসের মধ্যেই এই ফসল পাবেন।

★ তিলের চাষ বাড়লে তেলের অভাব বহুলাংশে দূর হবে।

**জমি কখনও ফেলে রাখবেন না ॥**

**তাতে আপনারও ক্ষতি — দেশেরও ক্ষতি**

ডবলিউ. বি. ( আই অ্যাণ্ড পি. আর ) এ. ডি. ২১৩০ (৪)/৬৬

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে মার্চ্চ, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

৩২ মনি ডিঃ অশ্বিনীকুমার দাস দেং লখিন্দর মণ্ডল দাবি ১৯৪.৬৬ থানা সুতি মৌজে সালুপুর ১.৪১ শতকের কাত ৪৫৮/৭ তন্মধ্যে দেনদারের ৬া০ শতক ও তদুপরিস্থিত চাল ছাপর কপাট চৌকাট নওয়া জিম্মাসহ আঃ ৫০্ খং ১৬২৩ রায়ত স্থিতিবান স্বত্ব

---

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই এপ্রিল, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

১৯ মনি ডিঃ যোগেন্দ্র মণ্ডল দেং রঘুনাথ ঘোষ দাবি ৮৩.৯৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ১.৩৫ শতকের কাত ৫.৪৭ আঃ ৮০্ খং ৬৩ রায়ত স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে মার্চ্চ, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

৫ স্বত্ব ডিঃ সদর আলি সেখ দেং মকবুল সেখ দিং দাবি ১২৭.৬৮ পয়সা থানা সাগরদীঘি মৌজে ডিহিবরজ ২-১৪ শতক মধ্যে দক্ষিণ অংশে ১-১৪ শঃ খং.২৭



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা. মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীনবীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪১০০ |

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)